

🔳 আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | اُلْاِسْرَاء (بَنِي إِسْرَائِيل)

আয়াতঃ ১৭ : ৯৫

আরবি মূল আয়াত:

قُل لَّو كَانَ فِي الأرضِ مَلَئِكَةٌ يَّمشُونَ مُطمئِنِينَ لَنَزَّلنَا عَلَيهِم مِّنَ السَّمَآءِ مَلَكًا رَّسُولًا ﴿٩٥﴾

বল, 'ফেরেপ্তারা যদি যমীনে চলাচল করত নিশ্চিন্তভাবে তাহলে আমি অবশ্যই আসমান হতে তাদের কাছে ফেরেশতা পাঠাতাম রাসূল হিসেবে'। — আল-বায়ান

বল, 'দুনিয়াতে যদি ফেরেশতাগণের বসবাস হত যারা নিশ্চিন্তে নিরাপদে চলাফেরা করত, তাহলে অবশ্যই আমি তাদের কাছে ফেরেশতা রসূল পাঠাতাম।' — তাইসিরুল

বলঃ মালাইকা/ফেরেশতারা যদি নিশ্চিত হয়ে পৃথিবীতে বিচরণ করত তাহলে আমি আকাশ হতে মালাক/ফেরেশতাকেই তাদের নিকট রাসূল করে পাঠাতাম। — মুজিবুর রহমান

Say, "If there were upon the earth angels walking securely, We would have sent down to them from the heaven an angel [as a] messenger." — Sahih International

৯৫. বলুন, ফিরিশতাগণ যদি নিশ্চিন্ত হয়ে যমীনে বিচরণ করত তবে আমরা আসমান থেকে তাদের কাছে অবশ্যই ফিরিশতা রাসূল করে পাঠাতাম।

তাফসীরে জাকারিয়া

- (৯৫) বল, 'ফিরিশতারা যদি নিশ্চিত হয়ে পৃথিবীতে বিচরণ করত, তাহলে অবশ্যই আমি আকাশ হতে ফিরিশতাকেই তাদের নিকট রসূল করে পাঠাতাম।' [1]
 - [1] আল্লাহ তাআলা বলেন, যখন পৃথিবীতে মানুষই বসবাস করে, তখন তাদের হিদায়াতের জন্য রসূলও মানুষ হবে। মানুষ ব্যতীত অন্য কেউ রসূল হলে মানুষের হিদায়াতের দায়িত্ব পালন করতেই পারবে না। হ্যাঁ, যদি পৃথিবীর বুকে ফিরিশতা বসবাস করত, তবে তাদের হিদায়াতের জন্য রসূল অবশ্যই ফিরিশতা হত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2124

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন